

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 নৌপরিবহন মন্ত্রণালয়  
 জাহাজ শাখা  
[www.mos.gov.bd](http://www.mos.gov.bd)

নং-১৮.০০.০০০০.০২৪.০৬.০০১.১৯- ৭৮

তারিখ: ১৩ আষাঢ়, ১৪২৯ বঙ্গাব্দ  
 ২৭ জুন, ২০২২ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

নাবিক রিক্রুটিং এজেন্টসমূহের কার্যক্রম তদারকি এবং নাবিক রিক্রুটিং এজেন্টসমূহের মাধ্যমে নিয়োগকৃত বাংলাদেশী নাবিকদের স্বার্থ সংশ্লিষ্ট বিষয়াদি নিয়মিত তদারকি/মনিটরিং এর উদ্দেশ্যে নিয়োক্ত সদস্যগণের সমষ্টিয়ে “নাবিক রিক্রুটিং এজেন্টসমূহের কার্যক্রম তদারকিকরণ কমিটি” গঠন করা হলো:

- |     |                                                                    |            |
|-----|--------------------------------------------------------------------|------------|
| ০১. | পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, চট্টগ্রাম।        | সভাপতি     |
| ০২. | সিনিয়র সহকারী সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।                   | সদস্য      |
| ০৩. | উপপরিচালক (শিপিং), নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা।                        | সদস্য      |
| ০৪. | শিপিং মাস্টার, সরকারী সমুদ্র পরিবহন অফিস, চট্টগ্রাম।               | সদস্য      |
| ০৫. | সহকারী পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, চট্টগ্রাম। | সদস্য সচিব |

৩। কমিটির কার্যপরিধি:

- (ক) বিদ্যমান আইন/বিধি অনুসারে নাবিক রিক্রুটিং এজেন্টসমূহের কার্যক্রম পরিচালিত হচ্ছে কিনা তা তদারকির জন্য এজেন্টসমূহের অফিস সরেজমিনে পরিদর্শন এবং সংশ্লিষ্ট নথিপত্র, তথ্য উপাত্ত ও দলিলাদি প্রমানাদি পরীক্ষাকরণ;
- (খ) এজেন্টসমূহ অনুমোদিত নমুনা স্বাক্ষর ব্যবহার করে অফিসিয়াল কার্যক্রম পরিচালনা করছে কিনা তা পরীক্ষাকরণ;
- (গ) নাবিক রিক্রুটিং এজেন্ট লাইসেন্সের বর্ণিত শর্তসমূহ যথাযথভাবে অনুসরণপূর্বক পরিচালিত হচ্ছে কিনা তা পরীক্ষাকরণ;
- (ঘ) পরিদর্শন সংক্রান্ত সুপারিশসহ প্রতিবেদন নিয়মিত নৌপরিবহন মন্ত্রণালয়ে প্রেরণ;
- (ঙ) নাবিকদের বেতনভাত্তা, ক্ষতিপূরণ এবং অন্যান্য পাওনাদি যথাযথভাবে পরিশোধ হচ্ছে কিনা এবং নাবিকদের চাকুরী শর্তাবলী সঠিকভাবে প্রতিপালন হচ্ছে কিনা তা পরীক্ষা নিরীক্ষাকরণ;
- (চ) সরকার কর্তৃক সময়ে সময়ে অর্পিত অন্যান্য কার্যক্রম।
- ৪। কমিটির সদস্যবৃন্দ বিধি মোতাবেক টি এবং ডি এ প্রাপ্ত হবেন।
- ৫। এ আদেশ জারির তারিখ হতে কার্যকর হবে।
- ৬। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।

(মোঃ আলমগীর কবির)  
 সিনিয়র সহকারী সচিব (জাহাজ)  
 ফোন: ২২৩৩৮০৭৮৬।

নং-১৮.০০.০০০০.০২৪.০৬.০০১.১৯- ৭৮

তারিখ: ১৩ আষাঢ়, ১৪২৯ বঙ্গাব্দ  
 ২৭ জুন, ২০২২ খ্রিস্টাব্দ

বিতরণ; সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যোত্তরার ভিত্তিতে নহে):

- ১। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সিনিয়র সহকারী সচিব (জাহাজ), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। শিপিং মাস্টার, সরকারী সমুদ্র পরিবহন অফিস, চট্টগ্রাম।
- ৭। উপপরিচালক (শিপিং), নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা।
- ৮। সহকারী পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম।
- ৯। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ নাবিক রিক্রুটিং এজেন্ট এসোসিয়েশন, চট্টগ্রাম (সকল নাবিক রিক্রুটিং এজেন্টসমূহকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।